# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

## ক্রেডিট বিভাগ

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-২/অংশ-চা/০১(০৫)/২০২২-২০২৩/ ৮৫২ (১২৫০)

তারিখঃ ২৭/০৯/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ** বিআরপিডি সার্কুলার নং ০৮/২০২০ এর আওতায় শিল্প ও সার্ভিস সেক্টরে চা শিল্পে অর্থায়নের জন্য চলতি মূলধন হিসেবে ৩য় পর্যায়ে অতিরিক্ত ২০০ (দুইশত) কোটি টাকা ঋন বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলার লক্ষ্যে ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের সক্ষমতা সমুন্নত রাখার লক্ষ্যে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ৩য় পর্যায়ে ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরের ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ১২০.০০ কোটি টাকা নির্ধারিণ করা হয়েছে। সম্প্রতি চায়ের চাহিদা হ্রাস ও নিলামে চায়ের দরপতনের কারণে চা শিল্পের উপর নেতিবাচক প্রভাব পড়েছে। এ খাতে রাজস্ব ও নগদপ্রবাহ বৃদ্ধির লক্ষ্যে চা শিল্পের শ্রমিকদের মজুরি প্রদান, শ্রমিক ও পোষ্যদের বিনামূল্যে চিকিৎসা সেবা, রেশন, আবাসন, বিদ্যুৎ ও পানীয় জল সরবরাহ কার্যক্রম সচল রাখা এবং সর্বোপরি আসন্ন দুর্গাপূজার বোনাস প্রদানসহ বাংলাদেশের চা বাগানসমূহের উৎপাদনের ধারাবাহিকতা অব্যাহত রাখার স্বার্থে চা শিল্পে নতুনভাবে অর্থায়ন প্রয়োজন। এ বিবেচনায় চা শিল্পে চলতি মূলধন ঋণ সরবরাহের উদ্দেশ্যে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর আওতায় ৩য় পর্যায়ে অতিরিক্ত ২০০(দুইশত) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | শাখার নাম | বিভাগ/অঞ্চল | কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প খাতে চা শিল্পে ঋন বিতরণের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| ০১ | স্থানীয় মুখ্য কার্যালয় | ঢাকা | ৯০.০০ |
| ০২ | চট্টগ্রাম কর্পোরেট | চট্টগ্রাম | ১৫.০০ |
| ০৩ | আগ্রাবাদ কর্পোরেট | চট্টগ্রাম | ২৫.০০ |
| ০৪ | চা বোর্ড | চট্টগ্রাম | ১.০০ |
| ০৫ | সিলেট কর্পোরেট | সিলেট | ৩৫.০০ |
| ০৬ | শ্রীমংগল | মৌলভীবাজার | ২৫.৫০ |
| ০৭ | জুড়ী | মৌলভীবাজার | ১.৫০ |
| ০৮ | মাধবপুর | হবিগঞ্জ | ৭.০০ |
| | মোটঃ | | ২০০.০০ |

** বাস্তবতার নিরিখে বরাদ্দকৃত বাজেট পরিবর্তিত হতে পারে।

০২। এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-০৮, তারিখঃ ১২/০৪/২০২০ এবং বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ক্রেডিট বিভাগের পত্র নং-৮৪৩(১২৫০) তারিখ ২৫/০৯/২০২২ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরন পূর্বক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাবলি সাপ্তাহিক ভিত্তিতে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ শুরু থেকে উক্ত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিং প্রযোজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
27/09/2022
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

সংযুক্তি ঃ বর্ণনামতে ।

চলমান পাতা-০২

**বিষয়ঃ** বিআরপিডি সার্কুলার নং ০৮/২০২০ এর আওতায় শিল্প ও সার্ভিস সেক্টরে চা শিল্পে অর্থায়নের জন্য চলতি মূলধন হিসেবে ৩য় পর্যায়ে অতিরিক্ত ২০০ (দুইশত) কোটি টাকা ঋন বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-২/অংশ-চা/০১(০৫)/২০২২-২০২৩/ ৮৮২(১২৫০) তারিখঃ ২৭/০৯/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Mhossain
27.09.2022

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক